# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 22 May, 2025

মানিকগঞ্জের সাটুরিয়ায় উপজেলার ধানকোড়া ইউনিয়নের খল্লী গ্রামে স্ত্রীর পরকীয়ায় জেরে স্বামীর বিষ পানে আত্মহত্যা করার অভিযোগ উঠেছে।

গতকাল বুধবার ভোর রাতে স্বামী গনেশ মনিদাস (২৬) ঢাকা সোহরাওরার্দী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

বিষয়টি সাটুরিয়া থানার অফিসার ইনচার্জ মো. শাহিনুল ইসলাম নিশ্চিত করেছেন।

আত্মহত্যাকারী যুবক সাটুরিয়া উপজেলার ধানকোড়া ইউনিয়নের উত্তর খল্লী গ্রামের রবি মনিদাসের পুত্র গনেশ মনিদাস (২৬)।

গনেশ মনিদাসের ভাই সাগর মনিদাস বলেন, ‘আমার ভাইয়ের সঙ্গে পারিবারিক ভাবে ৮ বছর আগে টাঙ্গাইল জেলার মির্জাপুর এলাকার অন্তরা মনিদাসের সাথে বিয়ে হয়। আমার ভাই একটি বেসরকারি প্রতিষ্ঠানে বাবুর্চির কাজ করতেন।আমার বউদি পরকীয়র সঙ্গে জড়িত এমন অভিযোগে দাদার সাথে প্রায় ঝগড়া হতো।এর জের ধরেই গত বুধবার বউদির সামনে সকাল ৬টার দিকে বিষ পান করে ৷

সাগর মনিদাস আরও বলেন, ‘পরে আমরা গনেশ মনিদাসকে মানিকগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে তারা আমাদের ঢাকা রেফার্ড করে।সোহরাওরার্দী হাসপাতালে ভর্তি করি।সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বুধবার ভোর ৪টার দিকে তিনি মারা যান ৷

সাটুরিয়া থানার অফিসার ইনচার্জ মো. শাহিনুল ইসলাম বলেন, ‘মরদেহ উদ্ধার করে মানিকগঞ্জ কর্ণেল মালেক হাসপাতালে পাঠানোর পক্রিয়া চলছে। আর এ ব্যাপারে একটি অপমৃত্যু মামলাও চলমান।

পরকীয়া স্বামী স্ত্রী বিষ পান আত্মহত্যা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:49

URL: https://timestodaybd.com/public/across-the-country/2812775807